



সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) Social Development Foundation (SDF)

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন স্বায়ত্তশাসিত সংস্থা
An autonomous organization under the Financial Institutions Division, Ministry of Finance

স্মারক নং- এসডিএফ/বি-স্ট্রং/এইচআর/এইচকিউ/রিক্রুট/২০২৫/১১৮১

তারিখ: ২৯/০৪/২০২৬খ্রি.

অভ্যন্তরীণ নিয়োগ বিজ্ঞপ্তি

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত সংস্থা হিসেবে ২০০০ সন থেকে গ্রামীণ জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচনে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করে আসছে। এই ধারাবাহিকতায় বিশ্বব্যাংকের ঋণে বাংলাদেশ সরকারের আর্থিক সহায়তায় এসডিএফ ৫ বছর মেয়াদী Bangladesh Sustainable Recovery, Emergency Preparedness and Response Project (B-STRONG) প্রকল্প চট্টগ্রাম ও সিলেট বিভাগের ১০টি জেলায় বাস্তবায়ন করছে। এ লক্ষ্যে নিম্নবর্ণিত পদসমূহে এসডিএফ এর এসসিএমএফ প্রকল্পের আগ্রহী, দক্ষ ও অভিজ্ঞ কর্মীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্রম	পদের নাম, সাকুল্যে বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১)	(২)	(৩)
১	ক্লাস্টার কো-অর্ডিনেটর বেতন (সর্বসাকুল্যে): ৬০,৯০০ টাকা।	(ক) যেকোনো বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি। (খ) উন্নয়ন প্রকল্পে অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠী অর্থাৎ প্রকল্পের উপকারভোগী চিহ্নিতকরণ, দল গঠন ও সংগঠন উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, ঋণ কার্যক্রম, জীবিকা উন্নয়ন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন ও সমন্বয়ের অভিজ্ঞতা থাকতে হবে। (গ) এসডিএফ এর এসসিএমএফ প্রকল্পসহ কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন সিও-গণ এ পদে আবেদন করতে পারবেন।
২	ক্লাস্টার ফ্যাসিলিটের (সাধারণ) বেতন (সর্বসাকুল্যে): ৪৯,৬০০ টাকা।	(ক) যেকোনো বিষয়ে স্নাতক ডিগ্রি। (খ) উন্নয়ন প্রকল্পে গ্রাম পর্যায়ে দরিদ্র ও অতিদরিদ্র জনগোষ্ঠী চিহ্নিতকরণ, সক্ষমতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ প্রদান ও দক্ষতা উন্নয়নসহ কর্মসংস্থান সৃষ্টি, ঋণ কার্যক্রম, জীবিকা উন্নয়ন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের অভিজ্ঞতা থাকতে হবে। (গ) এসডিএফ এর এসসিএমএফ প্রকল্পসহ কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন সিএফ-গণ এ পদে আবেদন করতে পারবেন।
৩	ক্লাস্টার ফ্যাসিলিটের (এনভায়রনমেন্ট অ্যান্ড সোশ্যাল) বেতন (সর্বসাকুল্যে): ৪৯,৬০০ টাকা।	(ক) কমপক্ষে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং (সিভিল) ডিগ্রি / বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল) ডিগ্রি। (খ) নির্মাণ, পরিবেশ ও পরিবেশগত সুরক্ষার কাজে অভিজ্ঞতা থাকতে হবে। (গ) এসডিএফ এর এসসিএমএফ প্রকল্পসহ কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ক্লাস্টার ফ্যাসিলিটের (টেকনিক্যাল অ্যান্ড এনভায়রনমেন্ট)-গণ এ পদে আবেদন করতে পারবেন।
৪	পিওন/গার্ড বেতন (সর্বসাকুল্যে): ৩৫,৩০০ টাকা।	(ক) ন্যূনতম এসএসসি পাস। (খ) পিওন/গার্ড পদের জন্য অফিস পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে বাস্তব অভিজ্ঞতা এবং শারীরিক সক্ষমতা থাকতে হবে; এবং (ঘ) এসডিএফ এর এসসিএমএফ প্রকল্পসহ কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন পিওন/গার্ড-গণ এ পদে আবেদন করতে পারবেন।

২। নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

ক. ০১/০৪/২০২৬খ্রি. তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৫৭ বছর হতে হবে।

খ. শুধুমাত্র এসডিএফ-এর এসসিএমএফ প্রকল্পের স্টাফগণ আবেদন করতে পারবেন।

গ. ক্রমিক নম্বর ৪ ব্যতীত কোন পদে শিক্ষাগত যোগ্যতার কোনো পর্যায়ে ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য নয়।

ঘ. এসডিএফ থেকে পূর্বে বরখাস্ত এবং চাকুরিচ্যুত প্রার্থীরা আবেদন করার অযোগ্য হিসেবে গণ্য হবেন।

ঙ. পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ আবেদন করতে হবে এবং আবেদনপত্রের সাথে অফিস আইডি নম্বর, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি সত্যায়িত করে দাখিল করতে হবে।


চ. মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের মূল কপি এবং জাতীয় পরিচয়পত্র দাখিল করতে হবে;

ছ. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

জ. নিয়োগের ক্ষেত্রে প্রতিষ্ঠানের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঝ. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ঞ. আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর জমা দেওয়ার শেষ তারিখ ও সময়: ৭ মে ২০২৬ খ্রিষ্টাব্দ, বিকাল ০৫:০০ টা।


২৯/০৪/২৬
(মো: মুজুল আমিন)
ব্যবস্থাপনা পরিচালক